

০৭ জানুয়ারি ২০২০

**বাসায় ঢুকে ডা.সারওয়ার আলীকে সপরিবারে হত্যার চেষ্টা : আইন ও সালিশ কেন্দ্র (আসক)
এর গভীর উদ্বেগ প্রকাশ এবং ডা. সারওয়ার আলীর পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার দাবী**

মুক্তিযুদ্ধ জাদুঘরের অন্যতম ট্রাস্টি এবং ছায়ানটের নির্বাহী সভাপতি ডা. সারওয়ার আলীর বাড়িতে ঢুকে তাকে হত্যার চেষ্টা চালিয়েছে দুর্বৃত্তরা। দুর্বৃত্তরা সারওয়ার আলীর স্ত্রী, জামাতাকেও হত্যার চেষ্টা চালায়। তাঁদের বাঁচাতে এগিয়ে আসা দুই প্রতিবেশীকেও ছুরিকাঘাত করে দুর্বৃত্তরা।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, গত ০৬ জানুয়ারি ২০২০ রাত ১০টা ২০ মিনিটের দিকে অজ্ঞাতপরিচয় দুই দুর্বৃত্ত উত্তরার ৭ নম্বর সেক্টরে মুক্তিযোদ্ধা সারওয়ার আলীর বাড়িতে ঢোকে। তারা ওই বাড়ির তৃতীয় তলায় গিয়ে তাঁর মেয়ে সায়মা আলীর বাসার দরজায় ধাক্কা দেয়। দরজা খুলে দেওয়া হলে দুর্বৃত্তরা ভেতরে গিয়ে সারওয়ার আলীর মেয়ে ও জামাতাকে ছুরিকাঘাত করে হত্যার চেষ্টা চালায়। পরে বাড়ির চতুর্থ তলায় গিয়ে সারওয়ার আলী ও তাঁর স্ত্রীকে হত্যার চেষ্টা করে। এ সময় তাঁদের চিংকারে ওই ভবনের এক বাসিন্দা ও প্রতিবেশীরা এগিয়ে গেলে দুর্বৃত্তরা পালিয়ে যায়। পুলিশ ওই বাসা থেকে দুর্বৃত্তদের ফেলে যাওয়া মোবাইল ফোন, একটি ব্যাগে থাকা সাতটি চাপাতি, বৈদ্যুতিক শক দেওয়ার যন্ত্র, টিভি ক্যামেরার স্ট্যান্ড, সিনথেটিক দড়ি ও কেমিক্যাল স্প্রে উদ্ধার করেছে।

আসক মুক্তিযুদ্ধের সংগঠক ডা. সারওয়ার আলী ও তার পরিবারের ওপর এমন হামলার ঘটনায় তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করেছে। আসক দ্রুততার সাথে সুষ্ঠু তদন্তের মাধ্যমে জড়িতদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার দাবি জানাচ্ছে। পাশাপাশি ডা. সারওয়ার আলী ও তার পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রশাসন ও যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.o. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02 8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org